দৈনিক সংবাদ

তারিখ 25 JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ৪

# খাগড়াছড়িতে ১৪ জন প্রাথমিক শিক্ষক কর্মকর্তার পদ শূন্য

রামগড়, ২৪শে জুন (নিজস্ব সংবাদদাতা)।–খাগড়াছড়ি পার্বত্য জেলায় ৫টি থানায় প্রাথমিক শিক্ষা-কর্মকর্তা ও ৯টি সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তার পদ শূন্য রয়েছে। জেলার ৩৬০টি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম বিঘ্নিত। সরকার কর্তৃক গৃহীত বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি ভেস্তে যাওয়ার উপক্রম।

পার্বত্য খাগড়াছড়ি জেলার ৮টি থানার মধ্যে ৫টি থানায় প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নেই দীর্ঘদিন ধরে। থানাগুলো হচ্ছে লক্ষীছড়ি, মহালছড়ি, পানছড়ি ও দিঘিনালা। এছাড়াও ৮টি থানায় ১৭ জন সহকারী থানা শিক্ষা কর্মকর্তার পদ থাকলেও রয়েছে মাত্র ৮ জন। উল্লেখিত পদগুলো শূন্য থাকায় প্রশাসনিক, শিক্ষা উন্নয়নসহ অন্যান্য ক্ষেত্রে মারাত্মক অচলাবস্থা সৃষ্টি হয়েছে।